

## 💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন-৪৪: শির্ক কি এবং তা কত প্রকার?

উত্তর: শির্ক হচ্ছে তাওহীদের বিপরীত দিক, শির্ক তিন প্রকার: বড় শির্ক, ছোট শির্ক এবং গোপনীয় শির্ক। ক: বড শির্ক চার প্রকার:

১-দো'আর ক্ষেত্রে শির্ক,

আল্লাহ তা'আলা বলেন:

﴿ فَإِذَا رَكِبُواْ فِي ٱلسَّفُلسَكِ دَعَوُاْ ٱللَّهَ مُحْسَلِصِينَ لَهُ ٱلدِّينَ فَلَمَّا نَجَّلهُم اللَّهَ ٱلسَّرِكُونَ ٥٦ ﴾ [العنكبوت: ٦٥]

অর্থাৎ: তারা যখন নৌযানে আরোহণ করে তখন তারা বিশুদ্ধ চিত্তে একনিষ্ঠভাবে আল্লাহকে ডাকে; অতঃপর তিনি যখন স্থলে ভিড়িয়ে তাদেরকে উদ্ধার করেন তখন তারা শির্কে লিপ্ত হয়। [সূরা আনকাবৃত ৬৫] ২- নিয়ত, ইচ্ছা এবং কথার ক্ষেত্রে শির্ক:

আল্লাহ তা'আলা বলেন:

অর্থাৎ: যে ব্যক্তি শুধু পার্থিব জীবন ও এর জাঁকজমক কামনা করে আমি তাদেরকে তাদের কৃতকর্মগুলির ফল দৃনিয়াতেই পরিপূর্ণভাবে প্রদান করে দেই এবং দুনিয়াতে তাদের জন্য কোনো কিছুই কম করা হয় না। তারা এমন লোক যে, আখেরাতে তাদের জন্য জাহান্নাম ছাড়া আর কিছুই নেই, আর তারা যা কিছু করেছিল তা সবই আখেরাতে বিনষ্ট হয়ে যাবে এবং যা কিছু করছে তাও বিফল হবে। [সূরা হুদ ১৫-১৬]

৩- আনুগত্যের ক্ষেত্রে শির্ক:

আল্লাহ তা'আলা বলেন:



## ﴿ ٱتَّخَذُوٓاْ أَحابَارَهُما وَرُها بَٰنَهُما أَرابَابًا مِّن دُونِ ٱللَّهِ وَٱلاَمْسِيحَ ٱباَنَ مَرااَيَمَ وَمَاۤ أُمِرُوٓاْ إِلَّا لِيَعابَدُوٓاْ إِلَّهَا وَالْاَمْسِيحَ ٱباانَ مَرااَيَمَ وَمَاۤ أُمِرُوٓاْ إِلَّا لِيَعابَدُوٓاْ إِلَهًا وَحَذَاكَ لَا إِلَّا هُوَا سُبااحَٰنَهُ عَمَّا يُشارِكُونَ ٣١ ﴾ [التوبة: ٣١]

অর্থাৎ: তারা আল্লাহকে ছেড়ে নিজেদের আলেম ও ধর্মযাজকদেরকে প্রভু বানিয়ে নিয়েছে এবং মরিয়মের ছেলে ঈসাকেও অথচ তাদের প্রতি শুধু এ আদেশ করা হয়েছে যে, তারা শুধুমাত্র এক মা'বূদের ইবাদত করবে, যিনি ব্যতীত যোগ্য কোনো উপাসক নেই, বস্তুত: তিনি তাদের অংশী স্থির করা হতে পবিত্র। [সূরা তাওবা ৩১]

8- ভালবাসার ক্ষেত্রে শির্ক:

আল্লাহ তা'আলা বলেন:

﴿ وَمِنَ ٱلنَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ ٱللَّهِ أَندَاذًا يُحِبُّونَهُما كَحُبِّ ٱللَّهِ وَٱلَّذِينَ ءَامَنُوٓاْ أَشَدُّ حُبُّا لِلَّهِ وَلُوا يَرَى النَّهَ شَدِيدُ ٱلنَّعَذَابِ ١٦٥ ﴾ [البقرة: ١٦٥]

অর্থাৎ: এবং মানুষের মধ্যে কিছু লোক আছে যারা আল্লাহকে বাদ দিয়ে অন্যকে সদৃস স্থির করে নেয়, তারা আল্লাহকে ভালবাসার ন্যায় তাদেরকে ভালবেসে থাকে এবং যারা ঈমানদার আল্লাহর প্রতি তাদের ভালবাসা অধিক দৃঢ়তর, আর যারা অত্যাচার করেছে তারা যদি শাস্তি অবলোকন করতো তাহলে বুঝতো যে, সমুদয় শক্তি আল্লাহর জন্যে এবং নিশ্চয়ই আল্লাহ কঠোর শাস্তিদাতা। [সুরা বাকারা ১৬৫]

খ: ছোট শির্ক আর এটি হচ্ছে সামান্য লোকদেখানো।

আল্লাহ তা'আলা বলেন:

﴿ فَمَن كَانَ يَرِا جُواْ لِقَآءَ رَبِّهِ اللَّهِ عَلَا يَعاهَمُل اللَّهِ عَمَلًا صَلِّحًا وَلَا يُشارِك البِعِبَادَةِ رَبِّهِ اَ أَحَدَا ١١٠ ﴾ [الكهف:

অর্থাৎ: সূতরাং যে তার প্রতিপালকের সাক্ষাৎ কামনা করে সে যেন সৎকর্ম করে আর তার প্রতিপালকের ইবাদতে যেন কাউকে শরীক না করে। [সূরা কাহাফ ১১০]

গ: গোপন শির্ক, এর দলীলে রাস্লুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম) বলেন:

(এ উম্মতের মাঝে শির্ক এমন গোপনীয় ভাবে প্রবেশ করে যে ভাবে অন্ধকার রাত্রিতে কালো পাথরে পিপিলিকা হাটলে টের পওয়া যায় না।)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3653

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন